সাংবাদিক হেনস্তা মামলায় শমী কায়সারকে অব্যাহতি

সাংবাদিকদের ‘চোর’ বলে সম্বোধন করার অভিযোগে ১০০ কোটি টাকার মানহানি মামলা থেকে অভিনেত্রী শমী কায়সারকে অব্যাহতি দেওয়া হয়েছে।
ঢাকার মুখ্য মহানগর হাকিম সত্যব্রত শিকদার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) দেওয়া চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ করে মামলার দায় থেকে ৫ মার্চ তাকে অব্যাহতি দিয়েছেন।

রোববার ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালত থেকে এ তথ্য জানা যায়। আদালতের দেওয়া তথ্য মতে, ৪ মার্চ মামলাটির চূড়ান্ত প্রতিবেদন গ্রহণের জন্য দিন ধার্য ছিল। বিচারক চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ করে মামলার দায় থেকে শমী কায়সারকে অব্যাহতি দেন।
এর আগে ৩ ফেব্রুয়ারি ঢাকা মহানগর হাকিম সত্যব্রত শিকদারের আদালতে শমী কায়সারকে অব্যাহতি দিয়ে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন পিবিআইয়ের পরিদর্শক লুৎফর রহমান। সাক্ষী খুঁজে না পাওয়ায় শমী কায়সারকে মামলার দায় থেকে অব্যাহতির আবেদন করে এ চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়।

পিবিআইয়ের পরিদর্শক লুৎফর রহমান বলেন, ‘মামলাটি তদন্ত করতে গিয়ে কোনো সাক্ষী খুঁজে পাওয়া যায়নি। ফলে শমী কায়সারকে অব্যাহতি দিয়ে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছি।’
এর আগে গত বছরের ২৪ অক্টোবর এ মামলায় শমী কায়সারের বিরুদ্ধে অভিযোগের ‘সত্যতা পায়নি’ মর্মে চূড়ান্ত প্রতিবেদন দেন শাহবাগ থানার পরিদর্শক (তদন্ত) মাহবুব রহমান। ওই প্রতিবেদনের বিরুদ্ধে নারাজি আবেদন করেন মামলার বাদী নুজহাতুল হাসান।

সেই নারাজি আবেদনের ওপর শুনানি শেষে গত ২৫ নভেম্বর একই আদালত অভিযোগটির অধিকতর তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য পিবিআইকে নির্দেশ দেন। পরে পিবিআই একই প্রতিবেদন দাখিল করেন।

প্রসঙ্গত গত বছরের ২৪ এপ্রিল রাজধানীর জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী মিলনায়তনে ই-কমার্সভিত্তিক পর্যটনবিষয়ক সাইট ‘বিন্দু ৩৬৫’র উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অভিনেত্রী শমী কায়সার। অনুষ্ঠানে বক্তব্য শেষ করে কেককাটার সময়ই হঠাৎ করে তিনি

জানান, তার স্মার্টফোন দুটি পাওয়া যাচ্ছে না। তবে ফোন দুটিতে কল দিয়ে তখনও সচল পাচ্ছিলেন তিনি।

শমী কায়সারের এমন মন্তব্যের সঙ্গে সঙ্গেই মিলনায়তনের মূল প্রবেশদ্বার বন্ধ করে দেওয়া হয়। এ সময় তার নিরাপত্তাকর্মী সবার দেহ তল্লাশি করতে চাইলে তাতে সম্মতি জানান উপস্থিত সংবাদকর্মীরা।

তল্লাশির সময় অনেকে বের হতে চাইলে শমী কায়সার সাংবাদিকদের ‘চোর’ বলে ওঠেন। এতে উত্তেজিত হয়ে ওঠেন পেশাগত দায়িত্ব পালন করতে আসা সাংবাদিকরা। এ ঘটনায় অনুষ্ঠানের আয়োজকদের সঙ্গে বাকবিতণ্ডাও হয় সাংবাদিকদের।

পরে সাংবাদিকদের ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজে দেখা যায়, অনুষ্ঠানে কেক নিয়ে আসা লাইটিংয়ের এক কর্মী স্মার্টফোন দুটি নিয়ে গেছেন।
ক্যামেরায় ধারণ করা ভিডিও ফুটেজ দেখার পর সাংবাদিকদের প্রতি ‘দুঃখ প্রকাশ’ করেন শমী কায়সার।

এর পরেই সামাজিক যোগাযোগমাধ্যমে শমী কায়সারকে নিয়ে নিন্দার ঝড় বয়ে যায়। তুমুল সমালোচনার মুখে পড়েন তিনি। নানা বয়স ও পেশার মানুষেরা সাংবাদিকদের প্রতি শমী কায়সারের এমন আচরণ নিয়ে হতাশা প্রকাশ করে স্ট্যাটাস দেন

দর্শনা প্রেস ক্লাবে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে দর্শনা প্রেস ক্লাবে ফুলেল শুভেচ্ছা দেয়া হয় জীবননগর পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হওয়ায় সাংবাদিক জামাল হোসেনকে, এশিয়ান টেলিভিশনের সেরা প্রতিবেদক হওয়ায় আজাদ হোসেনকে ও মাইটি’র জেলা প্রতিনিধি হিসেবে পুরস্কৃত হওয়ায় ইকরামুল হক পিপুলকে।
এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান

ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, প্রেস ক্লাবের সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমগীর, ইয়াসির আরাফাত মিলন, হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

মেহেরপুরে সাংবাদিকতা পেশায় পিছিয়ে নারীরা

আকতারুজ্জামান, মেহেরপুর

তথ্য প্রবাহের যুগে জেলায় সাংবাদিকতায় পুরুষরা এগিয়ে থাকলেও নারীরা অনেকাংশে পিছিয়ে পড়েছে। অনুসন্ধানী ও নারী সংক্রান্ত সংবাদ সংগ্রহের ক্ষেত্রে নারী সাংবাদিকদের অগ্রনী ভূমিকা থাকলেও সম্মানী না থাকা এবং অত্যন্ত ঝুঁকিপুর্ণ হওয়ায় কেউ আসতে চাইছেন না এ পেশায়। সাংবাদিকতায় নারীদের সম্পৃক্ততা থাকার খুবই প্রয়োজন বলে মনে করছেন মেহেরপুরে গণমাধ্যমে কর্মরত বিশিষ্ট জনেরা।

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) ছাড়াও প্রায় ৪৪ টি বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন রয়েছে। জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় কাগজ রয়েছে কয়েক হাজার। এসব চ্যানেল ও পত্রিকায় ঢাকাসহ বিভিন্ন জেলায় পুরুষদের পাশাপাশি নারী সাংবাদিকদের অংশ গ্রহণ থাকলেও মেহেরপুরে নারী সাংবাদিক রয়েছে মাত্র দু’জন। এদের মধ্যে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে দিলরুবা খাতুন ও এটিএন বাংলা ও এটিএন নিউজে কাজ করছেন ফাতেমা উম্মে রোজিনা। বিভিন্ন চ্যানেল ও পত্রিকা রয়েছে পুরুষ সাংবাদিকদের দখলে। ঝুকিপুর্ণ পেশা ও নুন্যতম সম্মানী না পাওয়ায় অনেকেই এ পেশায় আসতে চাইছেন না বলে জানিয়েছেন অনেকে।

সাংবাদিক বুরহান উদ্দিন মুজাক্কির হত্যায় দোষিদের শাস্তির দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

বার্তাবাজার এর নোয়াখালী জেলা প্রতিনিধি বুরহান উদ্দিন মুজাক্কিরকে নির্মমভাবে গুলি করে হত্যার প্রতিবাদে ও দোষিদের গ্রেফতার, শাস্তি এবং বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় ঝিনাইদহ প্রেস ক্লাবের সামনে প্রায় ঘন্টাব্যাপী এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় সাংবাদিকরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকরা বক্তব্য রাখেন।
এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও সমকাল পত্রিকার জেলা প্রতিনিধি মাহমুদ হাসান টিপু, ঝিনাইদহ প্রেস ক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির এবং দৈনিক বণিকবার্তা পত্রিকার জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, এশিয়ান টেলিভিশন ও দৈনিক দেশ রুপান্তর পত্রিকার জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, ঝিনাইদহ প্রেস ক্লাবের নির্বাহী সদস্য ও দৈনিক নবচেতনা পত্রিকার জেলা প্রতিনিধি সাজ্জাদ আহমেদ, বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টোয়েন্টিফোর টিভির জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন, ঝিনাইদহ প্রেস ক্লাবের প্রচার সম্পাদক দি ডেইলি ট্রাইবুনাল ও সকালের সময় পত্রিকা জেলা প্রতিনিধি শামীমুল ইসলাম শামীম, ঝিনাইদহ প্রেস ক্লাবের ক্রীড়া সম্পাদক, দি ডেউলি এশিয়ান এজ ও দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু, ঝিনাইদহ প্রেস ক্লাবের কার্যকারি নির্বাহী সদস্য ও দৈনিক শিকল পত্রিকার সিনিয়র স্টাফ রিপোর্টার এম এ জলিল, দৈনিক জবাবদীহি ও দেশকাল পত্রিকার জেলা প্রতিনিধি এম সেলিম, দৈনিক অধিকার পত্রিকার জেলা প্রতিনিধি শাহ্ আলম মিয়া, সময় টিভির জেলা প্রতিনিধি লোটাস রহমান সোহাগ, ঝিনাইদহ প্রেস ক্লাবের নির্বাহী সদস্য ও আমাদের অর্থনীতি পত্রিকার জেলা প্রতিনিধি এবং বর্তমান ঝিনাইদহ টিভির সম্পাদক সুলতান আল একরাম, দৈনিক জনবাণী পত্রিকার জেলা প্রতিনিধি ময়না খাতুন, মুভিবাংলা টিভি, দৈনিক স্বাধীন বাংলা ও দৈনিক স্পন্দন এবং

বার্তাবাজার এর জেলা প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব।
এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, স্বাধীন সংবাদ পত্রিকার জেলা প্রতিনিধি এস এম রবি, দৈনিক নাগরিক ভাবনা কাইয়ুম হুসাইন পলাশ, ট্রাইবুনাল পত্রিকার শৈলকুপা প্রতিনিধি এ কে এম ফাইজুর রহমান, নিউজ ঝিনাইদহ টিভি (আইপি) এর সম্পাদক আলিফ আবেদিন গুঞ্জন, সাংবাদিক সাজেদ আল হাসান, সমাজের কাগজ পত্রিকার জেলা প্রতিনিধি শেখ হৃদয় আহমেদ পিকুল, বাংলা ৭১ পত্রিকার জেলা প্রতিনিধি অরিত্র কুন্ডু, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জেলা প্রতিনিধি জাহিদুল হক বাবু, দৈনিক খুলনাঞ্চল পত্রিকার শৈলকুপা প্রতিনিধি সম্রাট হোসেন, সাংবাদিক আব্দুল্লা হৃদয়, টুটুল হোসেন, অনিক হাসান লিখন, মিশন হুসাইন, আজমীর রহমান তরুসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।
এ সময় বক্তারা, সাংবাদিক বুরহান উদ্দিন মুজাক্কির রাজনৈতিক প্রতিহিংসার শিকার উল্লেখ করে জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

কালীগঞ্জে দৈনিক আমার সংবাদ-এর ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে জাতীয় দৈনিক আমার সংবাদ পত্রিকার ৯ম বছরে পদার্পণ উপলক্ষে দোয়া মাহফিল, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় দৈনিক আমার সংবাদের কালীগঞ্জ প্রতিনিধি শাহ আলমের সভাপতিত্বে কালীগঞ্জ প্রেস ক্লাবে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ, বিশেষ অতিথি কালীগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মানবজমিন পত্রিকার সাংবাদিক তোফাজ্জল হোসেন তপু, উপদেষ্টা ও আর টিভির জেলা প্রতিনিধি শিপলু জামান, একাত্তর টিভির মিশন আলী, দৈনিক যুগান্তর

পত্রিকার শাহরিয়ার আলম সোহাগ,

অর্থ ও দপ্তর সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার তানজির রহমান তকি, জাগরণী টিভির সাংবাদিক নাজমুল হাসন, দৈনিক আলোর দিগন্ত পত্রিকার মতিয়ার রহমান, ব্লাড ব্যাংক আফ কালীগঞ্জ এর সভাপতি স্বাধীন ইসলাম, সাধারণ সম্পাদক আশিক এলাহী প্রমুখ।
এ সময় বক্তারা দৈনিক আমার সংবাদ পত্রিকার সাফল্য কামনা করেন।

মেহেরপুরে “ভোরের কাগজ” পত্রিকার ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে “ভোরের কাগজ” পত্রিকার ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার ১১ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

“ভোরের কাগজ” পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

“ভোরের কাগজ” পত্রিকার সাফল্য কামনা করে বক্তব্য দেন, জেলা পরিষদ সচিব শাহিদুল আলম, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, মেহেরপুর প্রেস ক্লাবের উপদেষ্টা সিনিয়র সাংবাদিক তুহিন আরন্য। পরে কেক কাটার আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, এনটিভি প্রতিনিধি রেজআনুল বাসার তাপস, ভোরের কাগজ এর মুজিবনগর প্রতিনিধি হাসান মোস্তাফিজুর, সাংবাদিক মাসুদ রানা,

তৌহিদুদ্দোজা রেজাসহ মেহেরপুর বিভিন্ন প্রিন্ট এবং ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ইত্তেফাক পত্রিকার জেলা প্রতিনিধি মাহাবুব চান্দু।

ঝিনাইদহে সাংবাদিককে অপহরণ করে হত্যা চেষ্টার প্রতিবাদে মানববন্ধন

সাংবাদিক মনিরুজ্জামান মনির কে অপহরণ করে হত্যা চেষ্টার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ ব্যাপারীপাড়া সড়কে এ মানববন্ধনের আয়োজন করে জেলা রিপোর্টাস ইউনিটি। মানববন্ধন শেষে সাংবাদিকরা একটি প্রতিবাদ র্যালী নিয়ে শহরের পায়রা চত্বর প্রদক্ষিন করে নিজস্ব কার্যালয়ের সামনে ফিরে আসে। মানববন্ধনে বক্তব্য রাখেন জেলা রিপোর্টাস ইউনিটির নেতৃবৃন্দ ও উপস্থিত সাংবাদিকরা।

বক্তারা বলেন, গত মঙ্গলবার রাতে সাংবাদিক মনিরুজ্জামান মনিরকে শৈলকুপার কাঁচেরকোল থেকে মাইক্রোবাসে তুলে নিয়ে যায় মাদক ব্যবসায়ী ও সন্ত্রাসীরা। নির্যাতন শেষে মারা গেছে ভেবে বুধবার ভোরে তাকে ধাওড়া গ্রামে রাস্তার ধারে হাত-পা ও চোঁখ-মুখ বেধে ফেলে রেখে যায় তারা। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে শৈলকুপা হাসপাতালে ভর্তি করে।
মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে সংবাদ প্রকাশের জেরে যদি একজন সাংবাদিকের সাথে এমন বর্বরোচিত ঘটনা ঘটে তাহলে সাংবাদিকদের নিরাপত্তা কোথায়?

বক্তারা আরো বলেন, কাঁচেরকোল ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য ইমরান হোসেন ওরফে ডিশ বাবু হিসেবে এলাকায় গড়ে তুলেছে মাদক সিন্ডিকেট। বর্তমানে তার ছত্রছায়ায় উঠতি বয়সী একদল যুবক মাদকাসক্ত হয়ে এলাকায় চাঁদাবাজি সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে

পড়েছে।

২০১৫ সালে শৈলকুপা থানা পুলিশের এএসআই মনির হাজরা ও একাধিক পুলিশ সদস্যকে এলোপাতাড়ি কুপিয়ে পিটিয়ে মারাত্মক আহত করে তার বাহিনী। এ ঘটনায় একটি মামলা দায়ের হয়। এছাড়াও ডিশ বাবুর বিরুদ্ধে একাধিক মাদক মামলাসহ সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাতন ও চাঁদাবাজির মামলা রয়েছে। সম্প্রতি সে জেল থেকে বের হয়ে এসে আবারো এলাকায় সকল প্রকার অপকর্মের নেতৃত্ব দিয়ে আসছে।

অবিলম্বে ডিশ বাবুসহ আসামীদের গ্রেফতার পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানিয়েছে সাংবাদিক নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এম মকবুলার রহমান আর নেই

সবাইকে কাঁদিয়ে না ফেরার দেশে চলে গেলেন চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি এম মকবুলার রহমান (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল বৃহস্পতিবার রাতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন তিনি।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির মতিবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়ছে। গতকাল শনিবার সন্ধ্যায় প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত

হয়।

প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হাসোন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেসক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ।

ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলাচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য ইয়াছির আরাফাত মিলন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

অন্যান্যদের মধ্যে ছিলেন, জিল্লুর রহমান মধু, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. রহমান, ওয়াসিম রয়েল, সুজন মাহামুদ, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, আ. হান্নান প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের গঠনতন্ত্র সংশোধনে এফএ আলমগীরকে আহবায়ক, হানিফ মন্ডল ও মাসুম বিল্লাহকে যুগ্ন আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে গঠনতন্ত্র সংশাধনী প্রেসক্লাবে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

বাংলাদেশ কন্ঠ’র জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেলেন তানজীর ফয়সাল

ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক বাংলাদেশ কন্ঠ’র চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেলেন দৈনিক আমাদের চুয়াডাঙ্গা’র ব্যবস্থাপনা সম্পাদক ও চুয়াডাঙ্গার বহুল প্রচলিত মা মাটি ও

মানুষের মুখপত্র দৈনিক পশ্চিমাঞ্চল এর দামুড়হুদা অফিসের সহকারী অফিস প্রধান তানজীর ফয়সাল।

গতকাল বাংলাদেশ কন্ঠ’র সম্পাদক ফারুক খান স্বাক্ষরিত নিয়োগ ও পরিচয় পত্র হাতে পেয়েছেন। জাতীয় দৈনিকে নিয়োগ পাওয়ায় দৈনিক পশ্চিমাঞ্চলের প্রকাশক ও সম্পাদক, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবীব, অর্থ সম্পাদক শমশের আলী, বাংলাদেশ খবরের জেলা প্রতিনিধি শামসুজ্জামান পলাশ, বিডি ফোকাসের নির্বাহী সম্পাদক রোকুনুজ্জামান,

দৈনিক আমাদের চুয়াডাঙ্গা’র নির্বাহী সম্পাদক এ এইচ কামরুল, দৈনিক সকালের সময় প্রত্রিকার জেলা প্রতিনিধি শামীম রেজা, দৈনিক লাখো কন্ঠ’র জেলা প্রতিনিধি হিরন, দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা অফিস প্রধান এম আই মিরাজ, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি শামসুল ইসলামসহ দামুড়হুদা ওরা বন্ধু সংঘ’র সকলক সদস্য বৃন্দ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।